REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ১॥০ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৶১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্যান্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৪র্থ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১০ই আশ্বিন বুধবার ১৩২৪ ইংরাজী 26th September 1917. | ২০শ সংখ্যা


# কেশরঞ্জন তৈল

মনে রাখিবেন—কেশরঞ্জন আপনারই জন্য।



(১) যদি আপনি আপনার দৈনিক নির্দ্দিষ্ট কার্য্যে মনঃসংযোগ করিতে না পারেন, তাহা হইলে মনে রাখিবেন, কেশরঞ্জনই তাহার প্রতিকার করিবে।

(২) আপনি যদি পাঠার্থী বা পরীক্ষার্থী হন, যদি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষাকাল সমুপস্থিত হয়, যদি এরূপ আপনার দিবারাত্র মানসিক পরিশ্রম প্রয়োজন হয়, তাহা হইলে, নিত্য কেশরঞ্জন মাখিয়া স্নান করিবেন।

(৩) যদি বুঝেন, আপনার কেশমূল শিথিল হইয়াছে, মাথায় চুল উঠিয়া যাইতেছে টাক পড়িবার সূত্রপাত হইয়াছে, তাহা হইলে প্রথম হইতেই আমাদের কেশরঞ্জন ব্যবহার করুন।

(৪) যদি চাকুরী উপলক্ষে আপনাকে সর্ব্বদা হিসাবের কার্য্যে ব্যস্ত থাকিতে হয়, যদি দিন রাত অঙ্কপাতের জন্য আপনার মস্তিষ্কে গোলমাল উপস্থিত হয়, তাহা হইলে, মাথা স্নিগ্ধ রাখিবার জন্য আমাদের কেশরঞ্জন ব্যবহার করুন।

(৫) যদি সুধাংশু সময় প্রিয়তমাকে প্রেমোপঢৌকন দিতে চান, যদি পুত্র-কন্যা ও ভাগিনা প্রভৃতিকে সামান্য উপহারে সুখী করিতে চান, তাহা হইলে, তাহাদিগকে এক শিশি কেশরঞ্জন তৈল ক্রয় করিয়া দিন। কেশরঞ্জনের পারিজাত গন্ধে মোহিত হইয়া তাঁহারা আপনাকে ধন্যবাদ দিবেন।

| | | | |
|---|---|---|---|
| এক শিশির মূল্য | ... | ১৲ এক টাকা। মাশুলাদি ... | ।৵০ আনা। |
| তিন শিশির মূল্য | ... | ২।০ আড়াই টাকা। মাশুলাদি ... | ৸৵০ আনা। |

## অনেক ভাবিয়াছেন—আর কেন ?

ভূমে পড়িয়া মানুষ কিনা করে ? কিন্তু তা বলিয়া কি দিন রাতই ভাবিতে হইবে ! দিনরাতই রোগ চিন্তায় নিযুক্ত হইতে হইবে ! প্রতিকারের সহজ পথ যখন রহিয়াছে তখন আর ভাবনা কেন ! সত্য বটে উপদংশ অতি লজ্জাকর ব্যাধি। ইহা অতিশয় স্পর্শক্রামক ও ইহার যন্ত্রণাও অবর্ণনীয়। কিন্তু ইহার প্রতিকারের ব্যবস্থাও অতি অদ্ভুত। আমাদের অমৃতবল্লী-কষায় নামক অব্যর্থ রক্ত-পরিষ্কারক সুলসা সেবন করুন। ইহা মুখ্য ও গৌণ উপদংশের একমাত্র প্রতিষেধক—অব্যর্থ মহৌষধ। বিনা লজ্জায়, বিনা সঙ্কোচে, গৃহের নির্জ্জন কক্ষে ঔষধ সেবন করিয়া অতএব একটা ভীষণ রোগের হস্ত হইতে মুক্তিলাভ করিবেন—আনন্দের কথা নয় কি ? অপরন্তু ইহা ব্যবহারে পারদ সেবন জনিত সর্ব্ববিধ ক্ষত মানসিক ও স্নায়বিক দৌর্ব্বল্য সম্পূর্ণ নিরাময় হয়।

| | | |
|---|---|---|
| এক শিশির মূল্য | ... | ১।০ দেড় টাকা, ডাক-মাশুল ও প্যাকিং ৸৵০ এগার আনা। |
| একত্রে তিন শিশির মূল্য | ... | ৩৸০ তিন টাকা বার আনা; |
| ডাক-মাশুল ও প্যাকিং | ... | ১৸০ এক টাকা বার আনা। |
| এক ডজন (১২ শিশি) | ... | ১৫৲ পনর টাকা; ডাক-মাশুল ও প্যাকিং স্বতন্ত্র লাগিবে। |

গবর্ণমেণ্ট-মেডিক্যাল-ডিপ্লোমাপ্রাপ্ত,

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালাক্ষয়!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গণোকোকাই" জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য কেবল মাত্র ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু এই রোগ-রাক্ষসের নমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২১ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল ভাল ঔষধের 'নকল' হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। ফলে হিলিংবাম ছাড়া অনেক "বাম" আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্রনালী টন্ টন্ করা, রক্ত পূঁজ যুক্ত বড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, মাথাধরা, মাথাঘোরা, অরুচি, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হাত-পা-গা টাটান, গাঁট কন্ কন্ করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অগ্নিমান্দ্য, এমন কি প্রস্রাবকালে বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। হিলিংবাম যে কত শত প্রশংসা পত্র পাইয়াছে তাহা শুনিয়া শেষ করা যায় না। ধনী নির্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল যার দিলেও নিমে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

## কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস,) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস,—পি, এস, ডি,—এস, এস, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি, এম; (৩) মেজর এন. পি, সিংহ, (আই, এম, এস,) এম, আর, সি, পি, ম, ডুআর, সি, এস; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এস, পুষং এম, ডি; (৭) আর মনিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এম, এ; (৯) ডাঃ এ, দত্ত, এম, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি, সি, বেজবড়ুয়া, এল, আর, সি, পি, এস, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি, পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২॥০; ছোট শিশি ১৸০; ভিঃ পিঃতে প্যাকিং ডাক খরচাদি স্বতন্ত্র।

আর, লাগন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

এন, গাঙ্গুলীর কৃত

**ব্লু-ব্ল্যাক কালির বড়ি।**

প্রতি বড়ি ৫ পয়সা, ১০০ শত ॥৵০, ২০০ শত ১৷৵০, ৫০০ শত ২॥৵০, ১০০০ হাজার ৪॥০ টাকা। সর্ব্বত্র এজেণ্ট চাই।

জঙ্গিপুর সংবাদ অফিস,
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১০ই আশ্বিন বুধবার, ১৩২৪ সাল।

## জঙ্গিপুরে অন্ন বস্ত্র।

এতদঞ্চলে অন্যান্য বৎসর অপেক্ষা এ সময়ে চাউল বেশ সস্তা আছে। টাকায় ১২ সের মোটা চাউল পাওয়া যাইতেছে। সরু চাউল ১০ সের বিক্রয় হইতেছে। তরকারী খুব আক্রা। লবণ একে আক্রা তাহাতে আবার বালি মিশ্রিত। বস্ত্র অত্যন্ত দুর্ম্মূল্য কাঙ্গাল গরীব চাউল সস্তায় জন্য দুটো খাইতে পাইতেছে বটে কিন্তু লজ্জা নিবারণ করা বড়ই কঠিন হইয়াছে। দোকানদারগণের সাবেক কাপড় যে দরে বেচিতেছে তাহাই প্রায় গত বৎসরের দ্বিগুণ মুল্য। পূজার চালানের কাপড় না জানি কত চড়া দর হইবে! আমাদের জঙ্গিপুরে একজন উলঙ্গ সাধু আসিয়া কয়েক দিবস হইতে অবস্থান করিতেছেন। ভগবান আমাদের অদূরবর্ত্তী ভবিষ্যতের অবস্থার নমুনা দেখাইবার জন্য তাঁহাকে পাঠান নাই ত?

## সারমেয় বধ।

পূর্ব্বে জঙ্গিপুর মিউনিসিপালিটীতে এই সময়ে প্রতিবৎসর ডোমদ্বারা কুকুর মারার ব্যবস্থা ছিল। গত বৎসর হইতে সে প্রথা বোধ হয় বন্ধ হইয়াছে। আমাদের চেয়ারম্যান বাহাদুর বৈষ্ণব ধর্ম্মাবলম্বী। কমিশনারগণের মধ্যেও জৈন ও বৈষ্ণব ধর্ম্মাবলম্বী বাবু আছেন। আমরা কুকুর বধ করিবার হুকুম দিয়া তাঁহাদের ধর্ম্ম বিরুদ্ধ কার্য্য করিতে বলি না তবে ক্ষিপ্ত প্রায় কার্ত্তিক মাসের কুকুর গুলিকে আটকাইবার কোনরূপ ব্যবস্থা করিতে অনুরোধ করি।

## কনসেশন টিকিট।

অন্যান্য বৎসর ৺দুর্গা পূজা উপলক্ষে প্রত্যেক রেলওয়ে কোম্পানি কনসেশন টিকিট দিতেন। এ বৎসর আর তাহা দিবেন না। যুদ্ধের জন্যই আমরা রেল কোম্পানী দত্ত এই সুবিধা হারাইলাম। এই কাল যুদ্ধ কবে থামিবে?

## অনুরোধ।

আমাদের জঙ্গিপুর মিউনিসিপালিটির চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান মহোদয়কে সসম্মানে এই অনুরোধ করিতেছি যে তাঁহারা যেন নিজেদের অবকাশ মত জঙ্গিপুর এবং রঘুনাথগঞ্জের (যদি পারেন তবে ধনপতগঞ্জের সমস্ত গলি খুঁচি রাস্তা গুলি একবার ঘুরিয়া ফিরিয়া দেখেন। তাঁহারা সদর রাস্তা দিয়া যাতায়াত করেন গলি রাস্তার অবস্থা তাঁহাদের গোচরে আনে না। যদিও সমস্ত রাস্তায় চেয়ারম্যান বাহাদুরের ঘোড়ার গাড়ী চলিবে না তবুও একটু কষ্ট করিয়া দেখিলে প্রজাগণ বড়ই অনুগৃহীত হয়। যে রাস্তায় তাঁহাদের পায়ের ধুলো পড়ে তাহা ব্যতীত সমস্তগুলির অবস্থা ভাল নয়। তাই বলি কেবল সেরেস্তা দেখিয়া সন্তোষ না হইয়া রাস্তাও যেন দেখেন।

## "মুকুলে ঝ'রে গেল"।

আমরা সাতিশয় দুঃখের সহিত প্রকাশ করিতেছি যে, ১০ই আশ্বিন আমাদের জঙ্গিপুরের দেবোপম প্রথম মুন্সেফ শ্রীযুক্ত বামনদাস মুখোপাধ্যায় মহাশয়ের একটী ৮।৯ বৎসর বয়স্ক পুত্র সামান্য জ্বর রোগে আক্রান্ত হইয়া ইহধাম ত্যাগ করিয়াছে। কয়েক দিবস পূর্ব্বে বামনদাস বাবু ১৮ দিনের অবকাশ গ্রহণ করিয়া ধানবাদে গিয়াছিলেন। যাইবার সময় পরিবারের সকলকেই সুস্থ দেখিয়া গিয়াছিলেন। জঙ্গিপুরে পৌঁছিয়াই এই নিদারুণ হৃদয় বিদারক সংবাদ শুনিলেন। বামনদাস বাবু অত্যন্ত কোমল হৃদয় ব্রাহ্মণ। তাঁহার এই শোক প্রথম। তিনি শোকে অত্যন্ত বিহ্বল হইয়াছেন। তাঁহাকে সান্ত্বনা দিবায় ভাষা মানুষের নাই। ভগবান! বামনদাস বাবুকে এবং তাঁহার পুত্রশোকাতুরা সহধর্ম্মিণীকে শোক সংবরণের ক্ষমতা দাও। তাঁহার শোক সন্তপ্ত পরিবারবর্গের শোকাপনোদন কর—ইহাই আমাদের প্রার্থনা।

## আনি বেসান্তের মুক্তি।

শ্রীমতী আনি বেসান্ত ও তাঁহার দুইজন সহকারী ভারত রক্ষা আইন অনুসারে আটক হইয়াছিলেন। ভারত গবর্ণমেণ্টের অনুরোধে মান্দ্রাজ গবর্ণমেণ্ট তাঁহাদের প্রতি প্রদত্ত দণ্ড রহিত করিয়াছেন। তাঁহারা গত ৭ই সেপ্টেম্বর মুক্তি পাইয়াছেন। খুব সুখের কথা। তিনি নির্ব্বাসনের গোলমাল হইতে নিষ্কৃতি লাভ করিলেন, এখন নির্ব্বাচনের গোলমাল মিটিলে হয়।

## সর্পাঘাতের চিকিৎসা।

(মালদহ সমাচার হইতে।)

সম্প্রতি ত্রিপুরা হইতে এক ব্যক্তি লিখিয়াছেন, সর্পাঘাতে ৫, ৭, ৯, ১১ বা ১৩টি গোলমরিচ এবং সাধারণ ভাটি গাছের মুল শিকড় ছালসহ উত্তমরূপে বাটিয়া আন্দাজ এক ছটাক মাত্রায় সেবন করাইলে রোগী নিরাময় হয়। ইহার ফল নিশ্চিত। পত্র লেখক বলেন "এতদঞ্চলে ঐ ঔষধের সাহায্যে আশাতিরিক্ত ফল হইতেছে। যতক্ষণ ওঝায় জবাব না দেয় ততক্ষণ পরীক্ষা না করিলে এবং ওঝায় জবাব দিলে সাধারণ লোকের চক্ষে রোগী মৃত বলিয়া সাব্যস্ত হইলেও ঔষধ দিয়া ফল পাওয়া যায়। তবে ইহা ব্যবহার করিতে আপত্তি কি? সেইরূপ অবস্থায় কোন কিছুর সাহায্যে দাঁত ফাঁক করাইয়া ঔষধটি একটু পাতলা করিয়া কলার থাড়া মাজের সাহায্যে বা পেঁপের নলের সাহায্যে উদরে প্রবেশ করান চাই। ৫।৭ মিনিটের মধ্যেই সকলেই আশ্চর্য্যান্বিত হইবেন, তখন আর একবার ঔষধ দিবেন। রোগীর ২৪ ঘণ্টার মধ্যে নিদ্রা বা আহার বন্ধ। নিতান্ত আবশ্যক হইলে শুক্‌না জিনিষ খাইতে দিবেন।

## সৎ সাহস।

শ্রীমান্ সত্যচরণ বন্দ্যোপাধ্যায়ের নিবাস হওড়া সালিখা ২৮নং বাবু ডাঙ্গায়; সেদিন তিনি গঙ্গাস্নান করিয়া জলে দাঁড়াইয়া সন্ধ্যা করিতেছিলেন, এমন সময় বান আসিয়া তাঁহাকে ফেলিয়া দেয়। তিনি কোন প্রকারে তীরে উঠিয়া দেখেন, কিছুদূরে তিনটী বালিকা ও দুইটী স্ত্রীলোক গঙ্গার প্রবল স্রোতে ভাসিয়া যাইতেছে; তদ্দর্শনে সত্যচরণ নিজ জীবনের আশঙ্কা ভুলিয়া অসহায়া রমণীদিগের সাহায্যার্থ জলে ঝাঁপাইয়া পড়েন ও অতি কষ্টে তাহাদিগকে লইয়া কখনও ভাসিয়া উঠেন, কখনও ডুবিয়া যান, এইরূপ অবস্থায় স্রোতের মুখে ভাসিয়া যাইতে লাগিলেন; তীরে অনেকেই দাঁড়াইয়া ইহাদিগের আসন্ন মৃত্যু দেখিতেছিলেন। শ্রীমান্ সত্যচরণ যুবক হইলেও তাঁহার শরীর আদৌ বলবান নহে, কিন্তু ঈশ্বরানুগ্রহে ও অসাধারণ মানসিক বলে বলীয়ান হইয়া স্ত্রীলোক কয়টিকে লইয়া ভাসিতে লাগিলেন। কিছুদূর গিয়া অবশেষে এম্প্রেস জুট মিলের পনটুনের একটী শিকল ধরিয়া ফেলিলেন এবং অতি কষ্টে ৫ জনকেই পনটুনের উপর উঠাইয়াছিলেন। সত্যচরণের এই সৎ সাহস ও পরদুঃখ-কাতরতা সর্ব্বথা প্রশংসনীয়। ইহাই প্রকৃত বীরত্ব। বার্ত্তাবহ"

## জঙ্গিপুরবাসীর করাচী ভ্রমণ।

( পূর্ব্ব প্রকাশিতের পর। )

এই রেজিমেন্টের মধ্যে একজন পশ্চিম দেশীয় হাওয়ালদার ছিলেন। তিনি পশ্চিম দেশীয় জাট জাতীয় হইলেও তাঁহার ভদ্রতা ও বিনয়ে বড়ই বাধিত হইয়াছি। বাঙ্গালীর মধ্যে বাবু অনিলচন্দ্র দত্ত, বাড়ী মেদিনীপুর, তিনি সৈন্যের মধ্যে নায়েক পদ পাইয়াছেন। ইনি বড়ই সদানন্দ লোক। তাঁহার নিকট একটী গান শুনিয়া আমি যে বৃদ্ধ লোক তবুও আমার মন প্রাণ উত্তেজিত হইয়াছিল। গানটী এই—

কে বলে বাঙ্গালী, ননীর পুতলি
দুর্ব্বল, ভীরু, অতি নগণ্য ?
প্রাণ দিতে যারা চায় অকাতরে
দেশের জন্য রাজার জন্য।

* * * *

আর আমার মনে নাই।

দিল্লীতে এই করাচীযাত্রী পল্টনের সহিত দেখা হওয়ায় সেইদিনই দিল্লী ত্যাগ করিতে হইবে বলিয়া দিল্লীর জুম্মা মসজীদ ও বাজার ভাল করিয়া দেখিয়া লইলাম। কিন্তু Delhi কুতুব দেখা হয় নাই মনে করিয়াছিলাম ফিরিবার সময় দেখব; তাহা ঘটিয়া উঠে নাই।

সেই দিন ১০ই শ্রাবণ বেঙ্গল রেজিমেন্টসহ এবং রাজসাহী কাশিমপুর নিবাসী বাবু যোগেন্দ্রনাথ চৌধুরী ও তাহার একটী চাকর পূর্ণদাস ও দুইটী ব্রাহ্মণ-কন্যা—একটী সধবা ও একটী বিধবা। (ইঁহারা দুইজনেই যোগেন্দ্র বাবুর ভগ্না ) ও আমার একটী আত্মীয় একত্রে রাত্রির ট্রেণে করাচী রওনা হই। দিল্লী হইতে করাচীর তৃতীয় শ্রেণীর ভাড়া ১৪৵০। ট্রেণে বড়ই ভিড় হইয়াছিল। আমাদের অন্যান্য সহযাত্রীগণ অত্যন্ত অসভ্য। সকলের কথা বুঝা যায় না। অধিকাংশই সিন্ধু, হায়দ্রাবাদ, বেলুচিস্থান প্রভৃতি স্থানের অধিবাসী। যাহা হউক কষ্টে সৃষ্টে পরদিন ( ১১ই শ্রাবণ ) প্রাতে ভাতিন্দা ষ্টেসনে পৌঁছাইয়া। মুখ হাত ধুইয়া অন্য গাড়ীতে উঠি। এই দেশটা বালুকাময় কেবল ধুধু করিতেছে। মধ্যে মধ্যে ষ্টেশন আছে। যেখানে ষ্টেসন আছে, সেই খানেই জল সরবরাহ করিবার বন্দোবস্ত আছে। ঠিক সন্ধ্যার সময় সামসেটা ষ্টেসনে পৌঁছিয়া কিছু জলযোগ করি।

রেজিমেন্টের সঙ্গে থাকায় বড়ই সুবিধা হইয়াছিল। তাহাদের জন্য গাড়ীতে বেশী ভিড় হইতে পাইত না। পল্টনের ছেলেরা দৌড়িয়া গিয়া খাবার ও জল আনিয়া দিয়া আমাদের খুব সাহায্য করিয়াছিল। সামসেটায় সন্ধ্যার সময় অন্য গাড়ীতে উঠিয়া পরদিন ( ১২ই শ্রাবণ ) বেলা ১১টার সময় করাচী ক্যান্টনমেন্ট পৌঁছিয়া এক খানি গাড়ী ভাড়া করিয়া ব্যারাকে পৌঁছিয়াছিলাম। ষ্টেসন হইতে ব্যারাক দুই মাইলেরও বেশী দূর হইবে। গাড়ী ভাড়া ।৵০ মাত্র। করাচীতে ফেটিন গাড়ীই অধিক। গাড়ীগুলি বেশ, ঘোড়াও বেশী দামের। যদিও ট্রাম ও মোটর আছে তথাপি আমরা নূতন লোক বলিয়া ঘোড়ার গাড়ীতে ব্যারাকে যাওয়াই সুবিধা বুঝিয়াছিলাম। যোগেন বাবু, তাহার চাকর, ব্রাহ্মণকন্যা দুইটা এবং আমরা সকলেই একসঙ্গে এক সময়ে ব্যারাকে পৌঁছিয়া আপন আপন উদ্দেশ্য সাধনে প্রবৃত্ত হইলাম।

ক্রমশঃ।

শ্রীযুধিষ্ঠির দাস।

## কলিকাতা অনাথ আশ্রম।

মান্যবর শ্রীযুক্ত "জঙ্গিপুর সংবাদ" সম্পাদক মহাশয় সমীপেষু যথাবিহিত সম্মানপুরঃসর নিবেদন—

দুর্গোৎসব সমাগত; এই আনন্দের দিনে আপনাদের আশ্রিত কলিকাতা অনাথ আশ্রমের অনাথ বালক বালিকাগুলি আপনাদের স্নেহপ্রদত্ত নব বস্ত্রাদি লাভ করিয়া যাহাতে তাহারা পিতামাতার অভাব বিস্মৃত হইয়া পূজার আনন্দ অনুভব করিতে পারে, অনুগ্রহপূর্ব্বক তাহা করিয়া জগজ্জননীর শুভ আশীর্ব্বাদ লাভ করেন, ইহাই আমার একান্ত প্রার্থনীয়।

এক্ষণে কলিকাতা অনাথ-আশ্রমে ৭০টি বালক ও ৩৫টি বালিকা বাস করিতেছে। নিম্নে তাহাদের বয়সের উপযোগী বস্ত্রের তালিকা প্রদত্ত হইল।

| ধুতি | | সাটি | |
|---|---|---|---|
| ১০ হাত | ৬ খানি। | ১০ হাত | ৬ খানি। |
| ৯ „ | ১১ „ | ৯ „ | ৩ „ |
| ৮ „ | ১৭ „ | ৮ „ | ৮ „ |
| ৭ „ | ১৮ „ | ৭ „ | ১৭ „ |
| ৬ „ | ১৩ „ | ৬ „ | ১ „ |
| ৫ „ | ৭ „ | ৫ „ | „ |

বস্ত্রাদির পরিবর্ত্তে আর্থিক সাহায্যও সাদরে গৃহীত হইবে।

বিনীত—
শ্রীচূণীলাল বসু।
সহযোগী-সম্পাদক,
কলিকাতা অনাথ আশ্রম।
১২।১, বলরাম ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।


## কর্ম্মখালী।

এক জন ইংরাজী ও বাংলা জানা সুদক্ষ কম্পোজিটর আবশ্যক। বেতন যোগ্যতা অনুসারে। আহার ও বাসস্থান পাইবেন। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীক্ষীরোদচন্দ্র রায়, প্রোপ্রাইটার
সিমলান্দা ঈশান প্রেস।
পোঃ ভদ্রপুর, ( বীরভূম )।
কিম্বা
ম্যানেজার, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## ফটো! ফটো!!

যথাসম্ভব সুবিধা দরে পাইবেন—
এই আক্রার বাজারে
### সস্তার চূড়ান্ত।

ওরিজিন্যাল কপি—

| সাইজ | পি, ও, পি। | ব্রোমাইড |
|---|---|---|
| ফুল | ৫৲ | ৬৲ |
| হাফ্ (কেবিনেট) | ২৷৷০ | ৩৲ |
| কার্ড | ১।০ | ১৷৷০ |

অতিরিক্ত প্রত্যেক কপির সাইজানুসারে পি, ও, পি যথাক্রমে ১৲, ৷৷০ ও ।০ আনা এবং ব্রোমাইড্ ২৲, ১৲ ও ৷৷ আনায় দিব।

শেখ খুবাজী এণ্ডকে।
সাহেববাজার, জঙ্গিপুর।

ডাঃ এন, এল, পালের
## সুদর্শন সার।

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্র শক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৷৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।
রঘুনাথগঞ্জ।

## জবাকুসুম তৈল

গুণে অদ্বিতীয় গন্ধে অতুলনীয়।

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।
৩ শিশি ২।০ ভিঃ পিতে ২৷৷৵০

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নবিকারাদি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৵০

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।৴

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইতে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিষ্কৃতি পাইবার জন্য দেশদেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৵০

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড।
ববস্থাপক ও চিকিৎসক
শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ
২৯ নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

## কি চান ?

কাপড়, বাসন, চাঁদী, সোনা, গিনি সবই আছে।

আমরা বিতী, দেশী, মিরে ও তাঁতের যাবতীয় সুতী কাপড়, মির্জ্জাপুর, শিবগঞ্জ, বালুচর, ইসামপুর প্রভৃতি স্থানের রেশমী ও মটকা প্রচুর পরিমাণে আমদানী করিয়াছি। বোম্বাই ও পার্শী সাড়ী বিক্রয়ার্থ রাখি। যাবতীয় পশমী শীতবস্ত্র সর্ব্বদা পাইবেন।

থাগড়া, দাঁইহাট, নবাবগঞ্জ প্রভৃতি স্থানের সুন্দর সুন্দর বাসন মজুত রাখিয়াছি। বিবাহের দান ও শ্রাদ্ধাদির ষোড়শ জন্য সর্ব্বদা সকল রকম বাসন ও আবশ্যকীয় অন্যান্য দ্রব্য খুব বেশী দামী হইতে সুবিধাদরের সরবরাহ করিয়া থাকি। অপছন্দ হইলে ফেরত ইয়া পছন্দসই মা দেওয়া হয়।

বিনীত—বুধসিং বোথরা,
রঘুনাথগঞ্জ।

## রঘুনাথগঞ্জ হোমিওপাথিক হল।

এখানে সুলভে হোমিওপ্যাথিক মতে সকল রোগে চিকিৎসাকরা হয়। গরীব লোকের সম্বন্ধে ভিসিট ও ঔষধের মূল্য বিশেষরূপ বিবেচনা করিয়া লওয়া হয়। পরীক্ষা প্রার্থনীয়।

ডাঃ শ্রীগোপালচন্দ্র ধর

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ৩;

চরক সংহিতা।

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য
শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটী
জঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

---

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)।




## সুরমা ও সুকেশ।

সুকেশ না হইলে রমণী সুরমা হইতে পারে না। বস্তুতঃ কেশই কামিনী গণের প্রধান সৌন্দর্য্য। নিখুঁৎ সুন্দরীকেও কেশের অভাবে বড় কদর্য্য দেখায়। অতএব কেশের শ্রীবৃদ্ধি জন্য সকলেরই চেষ্টা করা উচিত। উপায় থাকিতে তাহাতে উপেক্ষা করিতেছেন কেন? শুনেন নাই কি?—আমাদের "সুরমা" তৈল কেশের সৌন্দর্য্য বাড়াইতে অদ্বিতীয়! "সুরমা" ব্যবহারে অতিশীঘ্র কেশ ঘন দীর্ঘ কাল ও কুঞ্চিত হয়। ইহা পরীক্ষিত সত্য। সন্দেহ করিবেন না, শুধু ইহাই নহে,—'সুরমা" মাথা ঠাণ্ডা রাখে, মাথাধরা, মাথাঘোরা, মাথাজ্বালা, অনিদ্রা প্রভৃতি যন্ত্রণারও সত্বর উপশম করে। কোন ঔষধে যে টাক ভাল করিতে পারেন নাই, একবার সুরমা ব্যবহার না করিয়া, তাহাতেও হতাশ হইবেন না। বিশ্বাস রাখিবেন—সুরমার সদ্‌গন্ধ—জগতে অতুলনীয়। বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা মাত্র, মাশুলাদি।৶৹ সাত আনা। একত্র বড় তিন শিশির মূল্য ২৲ দুই টাকা, মাশুলাদি ৸৶৹ তের আনা। ৵৹ দুই আনার টিকিট পাঠাইয়া নমুনা লউন।

## জ্বরাশনি।

"জ্বরাশনি" জ্বরের অমোঘ বজ্রস্বরূপ। নূতন, পুরাতন, জীর্ণ বিষম, যেমনই জ্বর হউক, তিন, চারি দিন মাত্র জ্বরাশনি সেবন করিলেই তাহা নিশ্চয় বন্ধ হইয়া যায়। অথচ কুইনাইন আটকান জ্বরের মত সে জ্বর বারংবার ঘুরিয়া ফিরিয়া আক্রমণ করে না। "কুইনাইন ব্যতীত ম্যালেরিয়ার ঔষধ নাই" যাঁহারা মনে করেন, তাঁহাদিগকে একবার এই জ্বরাশনি সেবন করিতে অনুরোধ করিতেছি। কম্পজ্বর, পালাজ্বর, পাক্ষিক জ্বর, যকৃৎপ্লীহাদি উপদ্রব সংযুক্ত জ্বর প্রভৃতি ম্যালেরিয়ার যে কোন অবস্থায় এই ঔষধ সেবন করিয়া দেখুন—ইহা কেমন সহজে ও স্বল্প দিনে দেহ রোগমুক্ত করিয়া, সুস্থ সবল করিয়া দিবে। পেটেন্ট ঔষধ খাইয়া খাইয়া যাঁহারা ত্যক্ত-বিরক্ত হইয়াছেন, তাঁহারাও একবার এই ঔষধ না খাইয়া হতাশ হইবেন না। ইহার এক শিশির মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি।৶৹ সাত আনা।

পর

## প্রমেহরোগের জ্বালা যন্ত্রণা

সবই দূরে যাইবে। স্রাব, স্ফীত, প্রদাহ, মূত্রত্যাগকালে বিজাতীয় যাতনা প্রভৃতি সবই প্রশমিত হইবে। আপনি নিঃশঙ্কচিত্তে আমাদের "গণোকিল" ব্যবহার করুন। অসংখ্য রোগী ইহার সহায়তায় গোপনে রোগমুক্ত হইয়া আমাদের ধন্যবাদ দিয়াছেন। কেন আপনি বৃথা রোগকষ্ট ভোগ করেন? রোগের অবস্থা লিখিয়া আমাদিগকে জানাইবেন। অর্ডার পাইলেই আমরা "গণোকিল" পাঠাইয়া দিব। এক শিশির মূল্য ১॥৹ দেড় টাকা মাশুলাদি।৶৹ সাত আনা।

---

এস, পি, সেন এণ্ড কোম্পানীর

### স্বদেশ গৌরব এসেন্স।

**চামেলী।**—চামেলীর সৌরভ বড় স্নিগ্ধ—বড় মধুর।

**সাবিত্রী।**—সাবিত্রী, সাবিত্রী-চরিত্রের মতই পরম পবিত্র ও স্পৃহনীয় পদার্থ।

**মল্লিকা।**—বেলা-যুথিকাদির সহিত মল্লিকা চিরদিনই একাসন অধিকার করে।

**চম্পক।**—চাঁপার তীব্রতা কেমন উজ্জ্বল-মধুরে পরিণত হইয়াছে, তাহা দেখিবার জিনিষ!

**বেলা।**—অবসন্ন গ্রীষ্মবেলায় 'বেলার' গন্ধ যেন স্বর্গসুখ আনিয়া দেয়।

**যূথিকা।**—আমাদের ঘরের যুথিকাই বিলাতী সাজে 'জেস্‌মিন্' হইয়া উঠিয়াছে।

**কামিনী।**—যামিনীর জ্যোৎস্না কামিনীর সৌরভে মধুরতর হইয়া উঠে।

**মস্ক্ জেসমিন।**—মিলিত নামই ইহার মিলনের মধুরতা প্রকাশ করিতেছে।

প্রত্যেক পুষ্পসার বড় এক শিশি ১৲ এক টাকা। মাঝারি ৸৹ বার আনা। ছোট ॥৹ আট আনা। মাশুলাদি।৵৹ পাঁচ আনা।

**মিল্ক্ অব্ রোজ।**—ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥৹ আট আনা, মাশুলাদি।৵৹ পাঁচ আনা।

---

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**এস, পি, সেন এণ্ড কোম্পানী,**
ম্যানুফ্যাকচারিং কেমিষ্টস্,
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।